

সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাবি সেন্টার ফর চায়না স্টাডিজ ও সাংহাই ইনস্টিটিউটস ফর ইন্টারন্যাশনাল স্টাডিজের যৌথ সভা
নোবিপ্রবি উপাচার্যের অংশগ্রহণ--**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সেন্টার ফর চায়না স্টাডিজ (সিসিএস) ও সাংহাই ইনস্টিটিউটস ফর ইন্টারন্যাশনাল স্টাডিজের এর যৌথ ভার্সুয়াল সভায় অংশ নিয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। ঢাবি সেন্টার ফর চায়না স্টাডিজের বোর্ড মেম্বর নোবিপ্রবি উপাচার্য সভায় অংশ নিয়ে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।

আজ সোমবার (০৩ মার্চ ২০২৫) অনলাইনে অনুষ্ঠিত ওই সভায় নোবিপ্রবি উপাচার্য বলেন, আমরা নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে 'ল্যান্ডস্কেপ সেন্টার' প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছি। যেখানে চাইনিজ ভাষা অগ্রাধিকার পাবে। যাতে করে নোবিপ্রবি শিক্ষার্থীরা সহ প্রবাসী অধ্যুষিত এ অঞ্চলের মানুষজন চাইনিজ ভাষা শিখে নিজেকে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে নিতে পারে।

এসময় তিনি সিসিএস'র ২০২৪ সালের কাজের সার সংক্ষেপ এবং ২০২৫ সালের কর্মপরিকল্পনা তুলে ধরে আরও বলেন, বাংলাদেশ ও চীনের মধ্যকার সম্পর্ক বন্ধুত্বপূর্ণ ও পারস্পরিক সহযোগিতার। আমাদের দেশের উচ্চশিক্ষা, গবেষণা ও আর্থসামাজিক বিভিন্ন উন্নয়ন সূচকে চীনের অবদান রয়েছে। উচ্চশিক্ষা ও গবেষণা ক্ষেত্রে এ সম্পর্ককে আরও ত্বরান্বিত করতে সিসিএস প্রতিষ্ঠা করা হয়। আমি আশা করবো চীনের বিখ্যাত বিশ্ববিদ্যালয়সমূহের সঙ্গে শিক্ষক, শিক্ষার্থী বিনিময়, গবেষণা পরিচালনা এবং নতুন টেকনোলজি ট্রান্সফারে সিসিএস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সভায় চীনের সাংহাই ইনস্টিটিউট ফর ইন্টারন্যাশনাল স্টাডিজ ও ঢাবির বিভিন্ন বিভাগের অধ্যাপকবৃন্দ মতামত প্রদান করেন।

উল্লেখ্য, সেন্টার ফর চায়না স্টাডিজ (সিসিএস) এর লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সাংহাই ইনস্টিটিউটস ফর ইন্টারন্যাশনাল স্টাডিজের মধ্যে ২৪ মার্চ ২০২৪ তারিখে সমঝোতা স্মারক সাক্ষরিত হয়।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪